

# বাংলাদেশ অস্ট্রিয়া সমিতির নির্বাচন ২০০৯/১০

## “গুলজার-জসিম” পরিষদ এর নির্বাচনী ইশতেহার

### “জনগনই আমাদের শক্তি, আধুনিক সমাজ গঠন আমাদের লক্ষ্য”

সম্মানিত ভাই ও বোনেরা,

আচ্ছালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারকাতুহু। প্রথমেই শুকরিয়া গুজার করছি সেই মহান সত্তা আল্লাহ্ তায়ালার দরবারে যিনি আমাদের মুসলমান হিসাবে দুনিয়াতে পাঠিয়েছেন এবাদত ও সমাজের কল্যাণমূলক কাজ করার জন্য। আল্লাহ্ যেন আমাদের সঠিক সিদ্ধান্ত নেয়ার তৌফিক দান করেন- আমিন।

আগামী ২৬শে অক্টোবর, ২০০৯ রোজ সোমবার অনুষ্ঠিতব্য বাংলাদেশ অস্ট্রিয়া সমিতির কার্যকরী পরিষদ ২০০৯/১০ এর নির্বাচনে গুলজার জসিম পরিষদের পক্ষ থেকে আপনাদের প্রাণঢালা শুভেচ্ছা। অস্ট্রিয়ায় বাংলাদেশী কমিউনিটির সর্বোচ্চ সেবা প্রদান কার্যকর করার লক্ষ্যে নিম্নলিখিত ভবিষ্যৎ কার্যক্রম সমূহ আপনাদের বিবেচনার জন্য উপস্থাপন করা হল।

#### -ঃ আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা সমূহ :-

- ১) বাংলাদেশী কমিউনিটির জন্য কনস্যুলার সার্ভিস প্রদান অব্যাহত রাখা।
- ২) বাংলাদেশ অস্ট্রিয়া সমিতিতে আধুনিক তথ্য প্রযুক্তির সাথে সম্পৃক্ত করার লক্ষ্যে একটি নিজস্ব ওয়েব সাইট চালু করা। এই ওয়েব সাইটে অস্ট্রিয়ায় বাংলাদেশীদের যাবতীয় তথ্য সমূহসহ সমিতির তহবিলের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে বর্তমান অবস্থা ও খাতওয়ারী খরচের বিবরণ এবং অস্ট্রিয়ায় অবস্থিত সকল বাংলাদেশীদের পরিচিতি পাওয়া যাবে।
- ৩) ড্রাইভিং কোর্স, টায়াক্সি কোর্স ও অন্যান্য পেশাগত কোর্সের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।
- ৪) অস্ট্রিয়ায় রাজনৈতিক আশ্রয় প্রার্থী সকল বাংলাদেশীদের আইনী সহযোগিতার জন্য “সার্ভিস সেল” গঠন করা হবে।
- ৫) অস্ট্রিয়ায় বাংলাদেশী কৃতি ছাত্র-ছাত্রীদের উৎসাহিত করার লক্ষ্যে সমিতির পক্ষ থেকে সম্মান সূচক আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে।
- ৬) অস্ট্রিয়ায় অনুগ্রহকারী ছেলে-মেয়েদের জন্য বাংলা ভাষা কোর্স এবং রাজনৈতিক আশ্রয় প্রার্থী সহ আত্মীয় সকল বাংলাদেশীদের জন্য বিনামূল্যে জার্মান ভাষা কোর্স চালু করা হবে।
- ৭) ক্রীড়াঙ্গনকে আরও শক্তিশালী ও গতিশীল করার লক্ষ্যে নিয়মিত সমিতির মাধ্যমে ফুটবল ও ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হবে।
- ৮) অস্ট্রিয়ায় সমিতির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য একটি স্থায়ী অফিস ঘরের ব্যবস্থা করার পরিকল্পনা রয়েছে।

আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, বিগত ২০০৮/০৯ কার্য বর্ষে আমাদের সক্রিয় অংশগ্রহণে সমিতি নিম্নলিখিত কার্যক্রম সমূহ সম্পাদন করেছে এবং আগামী কার্যবর্ষে তা অব্যাহত রাখার প্রতিশ্রুতি প্রদান করছি।

#### বিগত ২০০৮/০৯ কার্য বর্ষে সম্পাদিত কার্যক্রম সমূহ

- ১) বাংলাদেশী কমিউনিটির জন্য কনস্যুলার সার্ভিস প্রদান।
- ২) বাংলাদেশের সকল জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় ও ভাব গাম্ভীর্যের সাথে উদযাপন করা হয়।
- ৩) প্রবাসে অবস্থানরত বাংলাদেশীদের কাছে দেশীয় কৃষ্টি ও সংস্কৃতিকে তুলে ধরার লক্ষ্যে ১লা বৈশাখ ও স্বাধীনতা দিবস উপলক্ষ্যে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- ৪) ইসলামী মূল্যবোধকে আরও সুদৃঢ় করার জন্য সমিতির পক্ষ থেকে প্রথম বারের মত আমাদের দুই মসজিদের শ্রদ্ধেয় ইমাম সাহেবদের সহায়তায় ওরাজ মাহফিলের ব্যবস্থা করা হয়।
- ৫) পবিত্র রমজান মাসে দুই মসজিদে ইফতার এর ব্যবস্থা করা হয় এবং ঈদুল ফিতরের দিন ঈদের আনন্দকে সবার সাথে ভাগ করে নেয়ার লক্ষ্যে সমিতির পক্ষ থেকে মিস্ট্রান পরিবেশনের ব্যবস্থা করা হয়।
- ৬) সমিতি এবার প্রথমবারের মত “এতিম তহবিল” গঠন করে এর মাধ্যমে এতিম শিশুদেরকে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়।
- ৭) হিন্দু সম্প্রদায়ের শারদীয় দুর্গা পূজা উপলক্ষ্যে সমিতির পক্ষ থেকে প্রথম বারের মত আর্থিক সহযোগিতা করা হয়।

সম্মানিত ভাই ও বোনেরা, আসন্ন নির্বাচনে বিগত কার্য বর্ষের কর্মসূচী সমূহ বিবেচনা করে এবং আমাদের ভবিষ্যৎ কর্মসূচী সমূহকে বাস্তবায়ন করার লক্ষ্যে “গুলজার-জসিম” পরিষদে আপনাদের মূল্যবান রায় প্রদান করে সমিতির অগ্রযাত্রাকে আরও গতিশীল করতে সর্বাত্মক সহযোগিতা করুন।

নিবেদক,  
গুলজার-জসিম পরিষদ।